উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# উপজেলা পরিষদ
# মহম্মদপুর, মাগুরা

মাগুরা জেলার মহম্মদপুর উপজেলার ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | অধ্যক্ষ আবু আব্দুল্লাহেল কাফী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা। |
| স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, মহম্মদপুর, মাগুরা। |
| তারিখ ও সময় | : | ৩০.১২.২০২১ খ্রি:, বেলা ১১.০০ টা। |
| পরিশিষ্ট 'ক' | : | সভায় উপস্থিতির তালিকা |
| পরিশিষ্ট 'খ' | : | বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকল্প তালিকা |

উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। সকলের সম্মতিতে গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়করণ করা হয়। অত:পর সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মহম্মদপুর মাগুরা সভাকে জানান যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া ও তিনি সভাকে জানান যে, অন্যান্য উপজেলার চেয়ে মহম্মদপুর উপজেলার ভ্যাক্সিনেশন কার্যক্রম তুলনামূলক ভাল। যারা এখন পর্যন্ত ভ্যাক্সিন নিতে পারেন নাই তাদেরকে এর আওতায় আনা হবে। জানুয়ারি মাসের মধ্যে সকল স্কুল কলেজের ছাত্র ছাত্রীদের টিকা প্রদান করা হবে। | ১) সকলকে টিকার আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল মহম্মদপুর মাগুরা |
| ২) উপজেলা কৃষি অফিস:<br>উপজেলা কৃষি কর্মকর্তা, মহম্মদপুর মাগুরা জানান যে, বর্তমান কৃষি বান্ধব সরকার সকল মৌসুমে কৃষকদের বিভিন্ন কৃষি প্রণোদনা দিয়ে আসছে। এ উপজেলাতেও সার ও বীজের কোন সংকট নাই। উপজেলা উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত নিজ নিজ এলাকার মাঠ পরিদর্শন করে কৃষকদের পরামর্শ প্রদান করছেন। | ২) নিয়মিত মাঠ পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকল |
| ৩) প্রাণিসম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণিম্পদ কর্মকর্তা মহম্মদপুর মাগুরা জানান যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ৩) উপজেলা প্রাণী সম্পদ বিভাগের কাজকর্ম আরও বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা |
| ৪) উপজেলা প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলী মহম্মদপুর মাগুরা সভাকে অবহিত করেন যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। চলমান প্রকল্পগুলি ভালভাবে তদারকির কাজ চলছে। | ৪। কাজের গুনগত মান ঠিক রেখে চলমান প্রকল্পসমুহ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্টগণ মহম্মদপুর, মাগুরা |
| ৫) মৎস্য বিভাগ:<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা সভাকে জানান যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ৫) উপজেলায় মৎস্য চাষ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, মহম্মদপুর মাগুরা। |
| ৬) উপজেলা শিক্ষা অফিস :<br>উপজেলা শিক্ষা অফিসার মহম্মদপুর মাগুরা সভাকে জানান যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। যে সকল প্রাথমিক বিদ্যালয়সমূহে নির্মাণ সংক্রান্ত জটিলতা রয়েছে তা নিরসনের জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। | ৬) চলমান সকল নির্মাণ কাজ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা। |



CamScanner

| | | |
|---|---|---|
| ৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ১২ থেকে তদুর্ধ্ব বয়সের সকল ছাত্র ছাত্রীদের টিকা গ্রহণের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। | ৭) সকল ছাত্র ছাত্রীদের টিকা প্রদান নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ৮) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহম্মদপুর, মাগুরা সভাকে জানান যে, তার দপ্তরের কাজ কর্ম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ৮) বিধি মোতাবেক কাজ সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ৯) সমাজসেবা অফিস:<br>উপজেলা সমাজসেবা অফিসার, মহম্মদপুর মাগুরা জানান যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ০২ জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস পালিত হবে। দিবসটি সফল করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ৯) দপ্তরের সকল সেবামূলক কাজ কর্ম আরও বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, মহম্মদপুর, মাগুরা |
| ১০) সমবায় অফিস:<br>উপজেলা সমবায় অফিসার, মহম্মদপুর মাগুরা সভাকে জানান যে, তাঁর দপ্তরের কাজ কর্ম যথানিয়মে চলমান রয়েছে। | ১০) তাঁর দপ্তরের কাজ কর্ম আরও জোরদার করার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমবায় অফিসার, মহম্মদপুর, মাগুরা |
| ১১) বিআরডিবি অফিস: উপজেলা বিআরডিবি কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিক চলমান রয়েছে। | ১১) তার দপ্তরের কার্যক্রম আরোও বেগবান করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিআরডিবি কর্মকর্তা |
| ১২) মহিলা বিষয়ক অফিস: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মহম্মদপুর মাগুরা জানান যে, দাপ্তরীক কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১২) বিধি মোতাবেক কাজ পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা |
| ১৩) বিদ্যুৎ বিভাগ: এজিএম পল্লী বিদ্যুৎ, মহম্মদপুর মাগুরা জানান যে, পরিষদে বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য ইতোমধ্যে যারা আবেদন করেছেন তাদের মিটারসহ সংযোগ প্রদান করা হবে। এজন্য তিনি সকলকে বিধি মোতাবেক আবেদন করারা জন্য অনুরোধ করেন। | ১৩) বিধি মোতাবেক কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর। |
| ১৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মহম্মদপুর মাগুরা সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ১৪) দপ্তরের কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহম্মদপুর মাগুরাসহ সংশ্লিষ্ট সকল |
| ১৫) যুব উন্নয়ন অফিস:<br>উপজলো যুব র্কমর্কতা, মহম্মদপুর মাগুরা জানান যে, তাঁর দপ্তররে কাজ র্কম স্বাভাবকিভাবে চলমান রয়েছে। বড় পরিসরে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান করা যায় কিনা এ বিষয়ে সভাপতি মহোদয় সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। | ১৫) অফিসের কাজ কর্ম আরও জোরদার করার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা |
| ১৬) সহকারী প্রকৌশলীর দপ্তর (জনস্বাস্থ্য) :<br>উপ-সহকারী প্রকৌশলী, মহম্মদপুর মাগুরা সভাকে অবহিত করেন যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। বর্তমানে আর্সেনিক পরীক্ষার কাজ চলমান রয়েছে। ৪০০০টি টিউবওয়েলের আর্সেনিক পরীক্ষা সম্পন্ন হয়েছে। কীট সংকটের কারণে আর্সেনিক পরীক্ষার কাজ সাময়িক বন্ধ রয়েছে। এছাড়া ২০২১-২০২২ অর্থ বছরের জন্য টিউবওয়েল বরাদ্দ পাওয়া গেছে। বিভাজন সম্পন্ন হলে কার্যক্রম শুরু করা হবে। | ১৬) বিধি মোতাবেক উপকারভোগী নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭) আমার বাড়ি আমার খামার :<br>সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প সভাকে আরও অবহিত করেন যে, কিছু বকেয়া ঋণ অনাদায়ী রয়েছে। | ১৭) বিধিমতে বকেয়া আদায় কার্যক্রম জোরদারকরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ১৮) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদান করা হয়ে থাকে। এবিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১৮) মহিলাদের স্বাস্থ্যসেবা যথাযথভাবে প্রদানের সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ |
| ১৯) চলমান প্রকল্প দাখিল: উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, উপজেলা মাসিক সমন্বয় সভায় প্রতিটি দপ্তরের চলমান প্রকল্প এবং গুরুত্বপূর্ণ বিষয়াদি লিখিতভাবে মিটিং শেষ হওয়ার ০৩(তিন) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে দাখিল করার জন্য | ১৯) সকল দপ্তরের কার্যক্রম লিখিত ভাবে মিটিং শেষ হওয়ার ০৩(তিন) কার্য দিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে | সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ |



CS CamScanner

| | | |
|---|---|---|
| অনুরোধ করা হয়েছিলো। কিন্তু কোন দপ্তর থেকে এ পর্যন্ত যথাযথ সাড়া পাওয়া যায় নাই। বিষয়টি দু:খজনক। | দাখিল করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২০) উপজেলা বন বিভাগ: ফরেস্টার, উপজেলা বনবিভাগ, মহম্মদপুর, মাগুরা, সভায় অনুপস্থিত বিধায় তাঁর দপ্তর সম্পর্কে অবহিত হওয়া গেল না। | ২০) নিয়মিত অনুপস্থিতির জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২১) বিবিধ:<br>(১) উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনায় আনুষঙ্গিক বাবদ ডিসেম্বর ২০২১ মাসে ৫০০০/-টাকা ব্যয় হয়েছে। যা অপরিশোধিত রয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঝ) আনুষঙ্গিক খাত হতে উত্তোলনপূর্বক পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২১) বিবিধ:<br>(১) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনায় আনুষঙ্গিক বাবদ ব্যয়িত ৫০০০/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঝ) আনুষঙ্গিক খাত হতে | উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা/উপজেলা প্রকৌশলী, মহম্মদপুর মাগুরা। |
| (২) উপজেলা পরিষদ সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ ডিসেম্বর ২০২১ মাসে ৩০,০০০/- টাকা ব্যয় হয়েছে। ভাইস চেয়ারম্যানদ্বয়ের সভাপতিত্বে গঠিত ১৭টি উপজেলা কমিটির সভার জন্য ৮০০০/-টাকা ব্যয় করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(জ)(১)(২) খাত হতে পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২) উপজেলা পরিষদ সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ ডিসেম্বর ২০২১ মাসে ব্যয়িত ৩০,০০০/- টাকা এবং উপজেলা কমিটিবাবদ ৮০০০/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(জ)(১)(২) খাত হতে পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩) ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য জানুয়ারি ২০২১ মাসের মাসিক সমন্বয় সভায় সমুদয় প্রকল্পের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কিন্তু মহম্মদপুর সদর ইউনিয়নের অন্তর্গত মধুমতি নদীর নদের চাঁদের ঘাটে আগত দর্শনার্থীদের বিশ্রামের জন্য একটি যাত্রী ছাউনি প্রকল্প অনুমোদন করা হয়। উক্ত প্রকল্পস্থান মধুমতি নদীর ভাঙ্গন কবলিত বলে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আগামী বর্ষা মৌসুমে উহা নদী গর্ভে বিলীন হওয়ার আশংকা বিদ্যমান। বিধায় উপস্থিত সকল সদস্যগণ প্রকল্পটি সুবিধাজনক স্থানে স্থানান্তর করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। | ৩) নদের চাঁদের ঘাটে যাত্রী ছাউনি নির্মাণ প্রকল্পটি মহম্মদপুর সদর ইউনিয়নের ঘোপ বাওড়ে বাস্তবায়ন করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ৪) ১৬ ডিসেম্বর ২০২১ উদযাপন সংক্রান্ত ব্যয় পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং অপরিশোধিত ব্যয় পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। ৫০,০০০/- টাকা। | ৪) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(খ) খাত হতে ৫০,০০০/-টাকা পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫) উপজেলা পরিষদের ড্রেণ গুলি দীর্ঘদিন সংস্কার না করায় উহা বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই ড্রেনগুলি পরিস্কার পরিচ্ছন্ন করা প্রয়োজন। | ৫) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ড) খাত হতে ২৪,৫০০/- টাকা ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৬) উপজেলা পরিষদের আবাসিক এলাকা দীর্ঘদিন পরিস্কার পরিচ্ছন্ন না করায় উক্ত এলাকায় বসবাসের অযোগ্য হয়ে পড়েছে। জরুরীভাবে পরিস্কার পরিচ্ছন্ন করা প্রয়োজন।<br>উপজেলা পরিষদের আবাসিক এলাকা পরিস্কার বাবদ ব্যয় = ২৪,৫০০/- টাকা। | ৬) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ড) খাত হতে ২৪,৫০০/- টাকা ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৭) উপজেলা সাব রেজিস্টার, মহম্মদপুর মাগুরা স্থাবর সম্পত্তি হস্তান্তর কর তহবিলের রশিদ বই সংগ্রহের জন্য আবেদন করেছেন। উক্ত রশিদ বহি ছাপানো বাবদ ২৪,০০০/- টাকা ব্যয় পরিশোধের বিষয়ে সভায় আলোচনা হয়। | ৭) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঢ) খাত হতে ২৪,০০০/- টাকা পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৮) উপজেলা পরিষদে ব্যবহৃত কম্পিউটার ০২টি , ০২টি প্রিন্টার মেরামত করার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং প্রয়োজনীয় ব্যয় নির্বাহের বিষয়েও আলোচনা হয়। | ৮) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঞ) খাত হতে ২৪,৩০০/- টাকা পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

CamScanner

| | |
|---|---|
| ৯) এডিপি বিষয়ক : উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি খাতের ২০২১-২০২২ অর্থবছরে ২য় কিস্তি ২০.৫৬(বিশ লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা ও সমানুপাতিক হারে ৩য় কিস্তির উপর প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত বরাদ্দের আলোকে বিভিন্ন সূত্র হইতে প্রাপ্ত প্রকল্প তালিকা প্রণয়ন করা হয়েছে। প্রকল্প তালিকা অনুমোদনের বিষয়ে সভায় সকলকে আহবান জানান। | ৯) বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি খাতের ২০২১-২০২২ অর্থবছরে ২য় কিস্তি ২০.৫৬(বিশ লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা ও ৩য় কিস্তি ২০.৫৬(বিশ লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা মোট ৪১.১২ (একচল্লিশ লক্ষ বার হাজার) টাকার প্রকল্প বাস্তবায়নের অনুমোদন এবং বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। অনুমোদিত প্রকল্প তালিকা কার্যবিবরণীর পরিশিষ্ট 'খ' তে উল্লেখিত। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

অধ্যক্ষ আবু আব্দুল্লাহেল কাফী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
মহম্মদপুর, মাগুরা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহম্মদপুর, মাগুরা।
mohammadpur.magura.gov.bd

স্মারক নং ০৫.৪৪.৫৫৬৬.০০০.১২.০০১.২১-

তারিখ : ১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ড. শ্রী বীরেন শিকদার, মাননীয় সংসদ সদস্য, ৯২, মাগুরা-২।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, খুলনা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৬। জেলা প্রশাসক, মাগুরা।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মাগুরা।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
১১। উপজেলা ........................... কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা।
১২। চেয়ারম্যান, বাবুখালী/ বিনোদপুর/দীঘা/রাজাপুর/বালিদিয়া/ মহম্মদপুর/পলাশবাড়িয়া ও নহাটা ইউনিয়ন পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
১৩। অফিস কপি।

রামানন্দ পাল
উপজেলা নির্বাহী অফিসার
মহম্মদপুর, মাগুরা।

CamScanner

পরিশিষ্ট-'খ'

২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দকৃত ২য় ও ৩য় কিস্তি ৪১,১২,০০০/-টাকা। বরাদ্দকৃত টাকার অনুমোদিত প্রকল্পের টেন্ডার ও প্রকল্প বাস্তবায়ন কমিটির(পিআইসি) নামের তালিকা নিম্নরূপঃ-

| ক্রমিক নং | বাস্তবায়নের ধরণ | প্রকল্পের বিবরণ | বরাদ্দকৃত টাকার পরিমান |
|---|---|---|---|
| ০১ | টেন্ডার | রাজবাড়ী রাজা সিতারাম রায়ের কাচারী বাড়ীর সীমানা প্রাচীর নির্মাণ | ১৫,১৭,০০০/-টাকা |
| ০২ | টেন্ডার | মহম্মদপুর খাদ্য গুদামের পার্শ্বের রাস্তা আর সি সি নির্মাণ | ৮,০৩,০০০/-টাকা |
| ০৩ | টেন্ডার | জাঙ্গালিয়া আশ্রায়ণের কালভাট ও ড্রেন নির্মাণ | ২,৯২,০০০/-টাকা |
| ০৪ | টেন্ডার | রামপুর পাকা রাস্তা হতে লুডুর বাড়ী পর্যন্ত রাস্তার পার্শ্বে প্যালাসাইডিং নির্মাণ | ২,০০,০০০/- টাকা |
| ০৫ | টেন্ডার | খাদুনা পাকা রাস্তা হইতে হরিতলা পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং নির্মাণ | ১,০০,০০০/-টাকা |
| ০৬ | পি আই সি | নহাটা ইউনিয়নের বিভিন্ন স্থানে নলকূপ স্থাপন<br>১। রউফ মৃধা, পিতা মৃত অজেদ মৃধা, সাং নহাটা<br>২। সালমা আকতার, স্বামী মৃত বাবলু খান সাং নহাটা<br>৩। সাইফুর বিশ্বাস, পিতা মৃত আলতাফ বিশ্বাস, নহাটা<br>৪। আকতার বিশ্বাস, পিতা মৃত বক্কার বিশ্বাস, সাং নহাটা<br>৫। মিন্টু বিশ্বাস, পিতা মৃত ছায়েন বিশ্বাস, সাং নহাটা<br>৬। শাহানাজ, পিতা রইচ মোল্যা, সাং নহাটা<br>৭। মোঃ মোস্তাক, পিতা- আবু সাইদ, সাং চাকুলিয়া<br>৮। জাহিদ বিশ্বাস, পিতা মৃত বজলু বিশ্বাস, সাং নারানদিয়া<br>৯। সোবহান মোল্যা, পিতা মৃত নুরল মোল্যা, নারানদিয়া<br>১০। নুর মহম্মদ, পিতা মৃত জহুর মোল্যা, সাং নারানদিয়া<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>ক) মোঃ খাইরুল ইসলাম, ইউপি সদস্য, নহাটা-সভাপতি<br>খ) মোঃ হান্নান মিয়া, গন্যমান্য-সদস্য সচিব<br>গ) মোছাঃ আফরোজা খাতুন, শিক্ষক-সদস্য<br>ঘ) মোঃ আনোয়ার হোসেন, ইমাম-সদস্য<br>ঙ) মোঃ ফরিদ শিকদার, সমাজসেবক- সদস্য | ২,০০,০০০/-টাকা |
| ০৭ | পি আই সি | বিনোদপুর ইউনিয়নের বিভিন্ন প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>ক) জাহাঙ্গীর আলম, ইউপি সদস্য, বিনোদপুর ইউপি-সভাপতি<br>খ) নজরুল ইসলাম, শিক্ষক-সদস্য সচিব<br>গ) বাকি বিল্লাহ, ইমাম-সদস্য<br>ঘ) বাবু শিকদার, সমাজসেবক-সদস্য<br>ঙ) মোঃ ওলিয়ার রহমান, গন্যমান্য- সদস্য | ২,০০,০০০/-টাকা |
| ০৮ | পি আই সি | মহম্মদপুর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>ক) মোঃ আনিচ শিকদার, ইউপি সদস্য, দীঘা -সভাপতি<br>খ) শ্রী কানু তেওয়ারী, গন্যমান্য-সদস্য সচিব<br>গ) মোঃ আবুল কালাম, ইমাম-সদস্য<br>ঘ) মোঃ কামাল হোসেন, সমাজসেবক-সদস্য<br>ঙ) মোঃ বাশি মোল্যা , শিক্ষক- সদস্য | ২,০০,০০০/-টাকা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৯ | পিআইসি | বাবুখালী ইউনিয়নের বিভিন্ন প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>ক) মোঃ আহাদ, ইউপি সদস্য, বাবুখালী ইউপি-সভাপতি<br>খ) সুজন বিশ্বাস, গন্যমান্য-সদস্য সচিব<br>গ) মোঃ হেমায়েত, ইমাম-সদস্য<br>ঘ) মোঃ ইসরাইল, শিক্ষক-সদস্য<br>ঙ) মোঃ নিটুল শিকদার, সমাজসেবক- সদস্য | ২,০০,০০০/-টাকা |
| ১০ | পিআইসি | কানাইনগর মনোয়ারা জামান কৃষি কলেজে আসবাবপত্র সরবরাহ<br>ক) মোঃ নুরুল ইসলাম, ইউপি সদস্য, মহম্মদপুর-সভাপতি<br>খ) মোঃ মশিউর রহমান, অধ্যক্ষ উক্ত কলেজ-সদস্য সচিব<br>গ) বিদ্যুৎ কুমার ঘোষ, গন্যমান্য-সদস্য<br>ঘ) কৃষ্ণা রানী সাহা, সমাজকর্মী-সদস্য<br>ঙ) মোঃ জুবায়ের, ইমাম-সদস্য | ১,০০,০০০/-টাকা |
| ১১ | পিআইসি | রাজবাড়ী সীতারাম রায়ের কাচারীর সামনে ওয়াকিং ওয়ে নির্মাণ<br>ক) মোঃ মুরাদ হোসেন, ইউপি সদস্য, মহম্মদপুর-সভাপতি<br>খ) মোঃ নওশের আলী, ইউপি সদস্য, মহম্মদপুর-সদস্য সচিব<br>গ) মোঃ হুমায়ন মোল্যা, গন্যমান্য-সদস্য<br>ঘ) মোঃ আবুল কালাম, ইমাম-সদস্য<br>ঙ) শ্রী কানু তেওয়ারী, সমাজসেবক-সদস্য | ২,০০,০০০/-টাকা |
| ১২ | পিআইসি | রামপুর করিমের বাড়ী হইতে নাসিরুলের পুকুর পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং নির্মাণ<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>ক) মোছাঃ বেবী নাজনীন, মহিলা ভাইস চেয়ারম্যান, মহম্মদপুর-সভাপতি<br>খ) মোঃ নাসিরুল আলম, গন্যমান্য-সদস্য সচিব<br>গ) মোঃ জাহিদুল ইসলাম, ইমাম-সদস্য<br>ঘ) মোঃ রফিকুল ইসলাম, শিক্ষক-সদস্য<br>ঙ) মোঃ জাহাঙ্গীর আলম , সমাজসেবক- সদস্য | ১,০০,০০০/-টাকা |
| | | মোট টাকা= | ৪১,১২,০০০/- টাকা |

রামানন্দ পাল
উপজেলা নির্বাহী অফিসার
মহম্মদপুর, মাগুরা।

অধ্যক্ষ আবু আব্দুল্লাহেল কাফী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মহম্মদপুর, মাগুরা।

CamScanner